বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

**পরিশিষ্ট- "A"**

**বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সাধারণভাবে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথ বিবেচনায় রাখতে হবে ঃ**

০১। লেকচারার নিয়োগকালে প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ের উপর পাঠদানে উপস্থাপনায় গুণগত মান, বক্তব্যের প্রাঞ্জলতা ও আকর্ষণীয়তা ইত্যাদি যথাযথভাবে বিবেচনায় রাখতে হবে।

০২। সহকারী প্রফেসর, সহযোগী প্রফেসর ও প্রফেসর পদে নিয়োগের বেলায় প্রার্থীদের শিক্ষাদানের গুণগত মান এবং স্নাতকোত্তর/পি-এইচ.ডি পর্যায়ে গবেষণা/গবেষণা কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে দক্ষতা যথাযথভাবে বিবেচনায় রাখতে হবে।

০৩। স্নাতকোত্তর পর্যায়ে গবেষণা সন্দর্ভের উপর আলাদা কোন প্রকাশনা না থাকলে উক্ত সন্দর্ভকে ১(এক) টি প্রকাশনা বলে বিবেচিত হবে।

০৪। স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে পুস্তক রচিত ও প্রকাশিত হয়ে থাকলে প্রতিটি পুস্তক ১(এক) টি প্রকাশনায় সমমানের বলে বিবেচিত হবে।

০৫। ভেটেরিনারি অনুষদের বিভাগসমূহের প্রার্থীদেরকে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান হতে হবে (২৬.০৬.২০১৩ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩০১তম অধীবেশনে গৃহীত ১৯নং সিদ্ধান্ত দ্রষ্টব্য।)

**লেকচারার, সহকারী প্রফেসর, সহযোগী প্রফেসর ও প্রফেসর পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা**

**লেকচারার (টেকনিক্যাল বিভাগসমূহ)**

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনতম 'A' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০*) অথবা উভয়ক্ষেত্রে প্রথম বিভাগসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হবে স্নাতক ডিগ্রী/ ডিভিএম বিষয়ে ন্যূনপক্ষে 'A-' (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫) অথবা প্রথম শ্রেণী থাকতে হবে অথবা অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সমমানের এবং গ্রেডের ডিগ্রীধারী হতে হবে।

(খ) অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান সমুন্নত রাখা ও শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মেধার সর্বোচ্চ অগ্রাধিকার নিশ্চিত করার লক্ষ্যে লেকচারার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের মেধা ভিত্তিক অবস্থান উত্তীর্ণ গ্র্যাজুয়েটদের মধ্যে শীর্ষ সাত শতাংশের ভেতরে থাকতে হবে এবং নিয়োগের ক্ষেত্রে মেধাক্রমকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।

**লেকচারার (নন-টেকনিক্যাল বিভাগসমূহ)**

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনতম 'A' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০*) অথবা উভয়ক্ষেত্রে প্রথম বিভাগসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনপক্ষে 'A-' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫) অথবা প্রথম শ্রেণী থাকতে হবে। ভাষা বিভাগের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনপক্ষে 'A-' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫) ও ন্যূনপক্ষে একটিতে প্রথম শ্রেণী থাকা সংক্রান্ত উল্লেখিত শর্ত বিশেষ ক্ষেত্রে শিথিল করা যেতে পারে। তবে, প্রার্থীদের কোন পরীক্ষায় 'B' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.০)/দ্বিতীয় বিভাগ বা শ্রেণী এর নিচে থাকা চলবে না।

**সহকারী প্রফেসর**

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি ডিগ্রী অথবা সমমানের ডিগ্রীসহ অত্র বিশ্ববিদ্যালয়ে লেকচারার পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

অথবা

**টেকনিক্যাল বিভাগসমূহ**

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস/এম.ফিল ডিগ্রীসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে লেকচারার হিসেবে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ১(এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত না হলে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে টেকনিক্যাল বিভাগে লেকচারার পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

অথবা

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস./এম.ফিল ডিগ্রীসহ সরকারী/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই)টি গবেষণা প্রকাশনাসহ অত্র বিশ্ববিদ্যালয়ে টেকনিক্যাল বিভাগে লেকচারার পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

**নন-টেকনিক্যাল বিভাগসমূহ**

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস/এম.ফিল ডিগ্রীসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে লেকচারার হিসেবে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ১(এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত না হলে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে নন-টেকনিক্যাল বিভাগে লেকচারার পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

অথবা

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস./এম.ফিল ডিগ্রীসহ সরকারী/স্বায়ত্বশাসিত শিক্ষা/ গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষা/গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) টি গবেষণা প্রকাশনাসহ অত্র বিশ্ববিদ্যালয়ে নন-টেকনিক্যাল বিভাগে লেকচারার পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

Scanned with CamScanner

<u>সহযোগী প্রফেসর</u>

(ক) প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রীসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ৭(সাত) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার মধ্যে সহকারী প্রফেসর হিসেবে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫(পাঁচ) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহকারী প্রফেসর হিসেবে অন্যূন ২(দুই)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় এমন প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা অত্র বিশ্ববিদ্যালয়ের লেকচারার পদে নিয়োগের জন্য নির্ধারিত মানের হতে হবে।

অথবা

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রীসহ অত্র বিশ্ববিদ্যালয়ে সরাসরি সহকারী প্রফেসর পদে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে উক্ত পদে ৬(ছয়) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং গবেষণা পরিচালনায় অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫(পাঁচ) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহকারী প্রফেসর হিসেবে অন্যূন ৩(তিন)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

অথবা

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস./এম.ফিল ডিগ্রীসহ এবং গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৯(নয়) বছরের শিক্ষকতার অভিজ্ঞতার মধ্যে সহকারী প্রফেসর হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তৎসঙ্গে স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৭(সাত) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহকারী প্রফেসর হিসেবে অন্যূন ৩(তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় এমন প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা অত্র বিশ্ববিদ্যালয়ের লেকচারার পদে নিয়োগের জন্য নির্ধারিত মানের হতে হবে।

(খ) প্রার্থীদের কোন পরীক্ষায় 'B' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.০)/দ্বিতীয় বিভাগ বা শ্রেণী এর নিচে থাকা চলবে না।

<u>প্রফেসর</u>

(ক) প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রীসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ১১(এগার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ১০(দশ) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে অন্যূন ৪(চার) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় এমন প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতা ছাড়াও মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা অত্র বিশ্ববিদ্যালয়ের লেকচারার পদে নিয়োগের জন্য নির্ধারিত মানের হতে হবে।

অথবা

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি/সমমানের ডিগ্রীসহ অত্র বিশ্ববিদ্যালয়ে সরাসরি সহকারী প্রফেসর পদে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে ১০(দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ১০(দশ)টি গবেষণা প্রকাশনার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে অন্যূন ৪(চার)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

অথবা

প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি/এম.এস./এম.ফিল ডিগ্রীসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ১৪(চৌদ্দ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ১২(বার)টি গবেষণা প্রকাশনার মধ্যে সহযোগী প্রফেসর হিসেবে অন্যূন ৫(পাঁচ)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় এমন প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতা ছাড়াও মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা অত্র বিশ্ববিদ্যালয়ের লেকচারার পদে নিয়োগের জন্য নির্ধারিত মানের হতে হবে।

(খ) প্রার্থীদের কোন পরীক্ষায় 'B' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.০)/দ্বিতীয় বিভাগ বা শ্রেণী এর নিচে থাকা চলবে না।

<u>বিশেষ দ্রষ্টব্য ঃ</u>

১) সর্বোচ্চ বয়োসীমা ঃ লেকচারার পদের জন্য ৩০(ত্রিশ) বছর, সহকারী প্রফেসর পদের জন্য ৪০(চল্লিশ) বছর এবং সহযোগী প্রফেসর ও প্রফেসর পদের জন্য ৪৫(পঁয়তাল্লিশ) বছর।

২) চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩) বিশেষভাবে উপযুক্ত প্রার্থীকে উচ্চতর প্রারম্ভিক বেতন দেয়া যেতে পারে।

৪) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী অর্জনকারী প্রার্থীদেরকে, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের চূড়ান্ত পরীক্ষায় তাঁর মেধাস্থান সম্পর্কে (শতকরা হারে প্রদর্শিত) উক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় আবেদবনপত্র বাতিল বলে গণ্য হবে।

* ২০০১, ২০০২ ও ২০০৩ এর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫ হতে হলেই চলবে (তথ্য সূত্র ঃ প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ সম্পর্কিত বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের গত ০২.০৬.২০০৯ তারিখের শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন)।

বিগত ২৪.১০.২০০৯ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৯১ তম অধিবেশনে গৃহীত ১০ নং সিদ্ধান্তমূলে অনুমোদিত
গত ১৬.১১.২০০৯ তারিখের শা-১/১৩৭১/সংস্থাপন সংখ্যক বিজ্ঞপ্তিমূলে ২৪.১১.২০০৯ তারিখ হতে কার্যকর

Scanned with CamScanner